

অষ্টম অংগদে স্পীকার

Bangladesh Parliament



ব্যারিষ্টার মুহম্মদ জমির উদ্দিন সরকার

# অষ্টম সংসদে স্পীকার

ব্যারিষ্টার মুহম্মদ জমির উদ্দিন সরকার  
এম.এ., এলএল.বি.,  
অফ লিংকনস ইন, ব্যারিষ্টার-এট.ল.

স্পীকার, বাংলাদেশ জাতীয় সংসদ,  
সাবেক মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়,  
সাবেক মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়,  
সাবেক মন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়,  
সাবেক প্রতিমন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়,  
সাবেক প্রতিমন্ত্রী, গণপূর্ত ও নগর উন্নয়ন মন্ত্রণালয়,  
সাবেক প্রতিমন্ত্রী, ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার মন্ত্রণালয়,  
গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

## সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা নং
প্রথম অধিবেশন	১-১৩
দ্বিতীয় অধিবেশন	১৪-৪০
তৃতীয় অধিবেশন	৪১-৪৪
চতুর্থ অধিবেশন	৪৫-৫৪
পঞ্চম অধিবেশন	৫৫-৬২
ষষ্ঠ অধিবেশন	৬৩-৯৪
সপ্তম অধিবেশন	৯৫-১০০
অষ্টম অধিবেশন	১০১-১০৪
নবম অধিবেশন	১০৫-১১৪
দশম অধিবেশন	১১৫-১২১
একাদশ অধিবেশন	১২২-১৫১
দ্বাদশ অধিবেশন	১৫২-১৭৩
ত্রয়োদশ অধিবেশন	১৭৪-১৮০
চতুর্দশ অধিবেশন	১৮১-১৯২
পঞ্চদশ অধিবেশন	১৯৩-২০৮
ষষ্ঠদশ অধিবেশন	২০৯-২২৩
সপ্তদশ অধিবেশন	২২৪-২৩৯
অষ্টাদশ অধিবেশন	২৪০-২৫১
উনিশতম অধিবেশন	২৫২-২৬২
বিশতম অধিবেশন	২৬৩-২৬৯
একুশতম অধিবেশন	২৭০-২৮২
বাইশতম অধিবেশন	২৮৩-২৯৭
তেইশতম অধিবেশন	২৯৮-৩২১
স্পীকারের বহিঃবিশ্ব সফর এবং বিভিন্ন দেশ থেকে আগত প্রতিনিধিদের সাথে সাক্ষাত	৩২২-৩৩৮

## মুখবন্ধ

ইংরেজিতে লেখা আমার প্রথম বই 'Glimpses of International Law'। এই বইটি সংক্ষিপ্ত আকারে লেখা হলেও International Law সম্পর্কিত সব বিষয় এতে লিপিবদ্ধ আছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন ও আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ বাদে অন্য কোন সরকারী কিংবা স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয়ে ইংরেজিতে International Law পড়ানো হয় না। বইটি আমাদের দেশের যে সকল Private University গুলোতে International Law পড়ানো হয় সেখানে বইটি পাঠ্য। বইটি যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রে বিক্রি করা হয়েছে।

আমার দ্বিতীয় বই 'Stronger United Nations for Peaceful Welfare World' লিখি ইরাক যুদ্ধের সময়। সেই বইও United Nations, U.S.A, U.K-তেও বিক্রি করা হয়েছে।

আমার তৃতীয় বই 'লন্ডনে ছাত্র আন্দোলন' ষাট দশকের আইয়ুব শাসনের বিরুদ্ধে এবং স্বাধীন পূর্ব পাকিস্তান সৃষ্টির ও লন্ডনে ইস্ট পাকিস্তান হাউসের উপর লেখা।

আমার চতুর্থ বই 'লন্ডনে বন্ধু-বান্ধব' লন্ডনের বন্ধুদের সঙ্গে রাজনৈতিক কথোপকথন, আলাপ-আলোচনা, আড্ডা নিয়ে এবং বিভিন্ন ইউনিভার্সিটি ও কলেজ সম্পর্কে লেখা।

আমার পঞ্চম বই 'লন্ডনে শিক্ষা জীবন' লন্ডনে শিক্ষা জীবনে পড়াশুনার পাশাপাশি খেটে খাওয়া জীবনের কথা, খ্যাতনামা প্রফেসরদের কথা, খ্যাতনামা জজ, ব্যারিষ্টার ও রাজনীতিবিদদের কথা, বৃটিশ পার্লামেন্টের কিছু কথা, রাজা-রাণীদের কথা, তাদের প্রাসাদের কথা, কিছু রাজনীতির কথা, লন্ডনের পার্ক এবং প্রাসঙ্গিক কিছু বিষয় নিয়ে লেখা। এটা সার্থক ছাত্রজীবনের প্রতিচ্ছবি।

অষ্টম সংসদে স্পীকার বইটি মাননীয় সংসদ সদস্যবৃন্দ সংসদে যে মূল্যবান বক্তব্য রেখেছেন, বিভিন্ন বিষয়ে পয়েন্ট অব অর্ডার তুলেছেন, সে বিষয়ে আমি যে রুলিং দিয়েছি তার উপর সংক্ষিপ্ত আকারে লেখা। কিছু কিছু জায়গায় সংবিধান সম্পর্কে কিছু বিশ্লেষণ দিয়েছি। দীর্ঘ পাঁচ বৎসর আমি বাংলাদেশ জাতীয় সংসদের স্পীকার ছিলাম। বৃটিশ আমলের তদানীন্তন বঙ্গীয় আইন পরিষদ, পাকিস্তান

আমলে কেন্দ্রীয় আইন পরিষদ, পূর্ব পাকিস্তান আইন পরিষদ এবং বাংলাদেশের অভ্যুদয়ের পর প্রথম থেকে অষ্টম সংসদ পর্যন্ত কোন স্পীকার কোন সংসদে পূর্ণ পাঁচ বৎসর একটানা স্পীকারের দায়িত্ব পালন করতে পারেননি। আমিই শুধু ব্যতিক্রম। তাই নিজেকে সৌভাগ্যবান মনে করি। আমাদের অষ্টম সংসদ সদস্যদের জন্য এটা একটা গৌরবের কথা।

এই ৫ বৎসরে আমি সরকারী দল, বিরোধীদল ও বিভিন্ন দলের মাননীয় সদস্যবৃন্দ এবং স্বতন্ত্র মাননীয় সদস্যবৃন্দকে সংসদে অংশগ্রহণের জন্য যথাযথ সুযোগ প্রদান করেছি। এমনকি এই বৎসরের সমাপনী বক্তৃতায় স্বতন্ত্র সংসদ সদস্যদের নেতা, ইসলামী ঐক্যজোটের নেতা, জাতীয়পার্টির (নাফি) নেতা, জাতীয় পার্টির (বেগম রওশন এরশাদ) নেতা, কৃষক শ্রমিকলীগের নেতা, বিরোধীদলীয় নেতাসহ মাননীয় সংসদ নেতা বেগম খালেদা জিয়াকে বক্তব্য রাখার যথেষ্ট সময় দিয়েছি। রেকর্ডদৃষ্টে পাওয়া যাবে যে, বিএনপি জোট সরকারের মাননীয় সদস্যদের চেয়ে বিরোধীদল আওয়ামীলীগ, জাতীয় পার্টি (বেগম রওশন এরশাদ), কৃষক শ্রমিক জনতা লীগ (বঙ্গবীর কাদের সিদ্দিকী) ও স্বতন্ত্র সংসদ সদস্যদের প্রশ্নোত্তর থেকে শুরু করে অন্যান্য সকল বিষয়ে বক্তৃতা ও কথা বলার পর্যাপ্ত সুযোগ দিয়েছি।

অষ্টম সংসদ (পার্লামেন্ট)কে কার্যকর ও প্রাণবন্ত করে রাখার জন্য সকল সংসদ সদস্যকে জানাই অশেষ ধন্যবাদ।

বইটি অল্প সময়ের মধ্যে প্রকাশ করতে আমাকে বিশেষভাবে সহযোগিতা করেছেন আমার একান্ত সচিব সহকারী অধ্যাপক মোঃ খালেদুজ্জামান। তাকে জানাই আমার কৃতজ্ঞতা এবং ধন্যবাদ।

এ ছাড়াও সংসদ সচিবালয়ের সাবেক পরিচালক (রিপোর্টিং) জনাব মোঃ আব্দুল হামিদ, মোঃ আলী হাসান বইটি প্রকাশ করতে সহযোগিতা করায় তাঁদেরও জানাই আমার আন্তরিক ধন্যবাদ।

ব্যারিষ্টার মুহম্মদ জমির উদ্দিন সরকার

---

[Public.jamiruddin.com](http://Public.jamiruddin.com)

The official website of Barrister Muhammad Jamiruddin Sircar